এনজিও কর্মকর্তার বস্তাবন্দি লাশ উদ্ধার

নিউজবিডি৭১ডটকম
ঢাকা : কিশোরগঞ্জের হাওর উপজেলা নিকলীতে সুলতান মিয়া (৪৭) নামে এক এনজিও কর্মকর্তা খুন হয়েছেন।

রোববার দিবাগত রাতে উপজেলার ছাতিরচর বাজারে রংধনু সঞ্চয় ও সমবায় সমিতির কার্যালয় থেকে তার বস্তাবন্দি লাশ উদ্ধার করে এলাকাবাসী।

রে পুলিশকে খবর দিলে পুলিশ লাশ উদ্ধার করে।

এলাকাবাসী জানান, নিকলী উপজেলার গুরুই পালপাড়া গ্রামের সাহেব আলীর ছেলে সুলতান উদ্দিন ছাতিরচর বাজারে রংধনু সঞ্চয় ও সমবায় সমিতি নামে একটি বেসরকারি সংস্থা পরিচালনা করে আসছিলেন। রোববার সকালে বাড়ি থেকে ৬ লাখ টাকা নিয়ে সমিতির সদস্যদের মধ্যে ঋণ দিতে বাড়ি থেকে অফিসের উদ্দেশ্যে বের হন।

কিন্তু রাতে বাড়ি না ফেরায় পরিবারের লোকজন ও আত্মীয়-স্বজন তাকে খোঁজ করতে থাকেন। গভীর রাতে ছাতিরচর বাজারে সমিতির কার্যালয়ে এসে অফিস তালাবদ্ধ পাওয়া যায়। পরে তালা ভেঙে ভেতরে প্রবেশ করে একটি চটের বস্তায় সুলতান মিয়ার লাশ দেখে পুলিশে খবর দেন স্থানীয় লোকজন ও আত্মীয়-স্বজন।

নিকলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নাসির উদ্দিন ভূইয়া জানান, পূর্ব শত্রুতার জেরে তাকে শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। সোমবার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কিশোরগঞ্জ ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

নিউজবিডি৭১/আ/১৬ এপ্রিল, ২০১৮